

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৮৩

১৪/ ইলম

পরিচ্ছেদঃ স্বঃপ্রণোদিত হয়ে সাধ্যাতীত কর্ম করা নিষেধ

আরবী

وَعَنْ مَسرُوقٍ قَالَ: دَخَلْنَا عَلَى عَبدِ اللهِ بْنِ مَسعُودِ فَقَالَ: يَا أَيُّهَا النَّاسُ مَنْ عَلِمَ شَيْئاً فَلْيَقُلْ بِهِ وَمَنْ لَمْ يَعْلَمْ فَلْيَقُلْ: اللهُ أَعْلَمُ فَإِنَّ مِنَ العِلْمِ أَنْ يَقُولَ لِمَا لاَ يَعْلَمُ: اللهُ أَعْلَمُ فَلْيَقُلْ بِهِ وَمَنْ لَمْ يَعْلَمُ : اللهُ أَعْلَمُ قَالَ اللهُ تَعَالَى لِنَبِيّهِ عَلَيْهِ مَنْ أَجْرٍ وَمَا أَنَا مِنَ الْمُتَكَلِّفِينَ رواه البخاري

বাংলা

(১৫৮৩) মাসরাক (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমরা আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) এর নিকট প্রবেশ করলাম। তিনি বললেন 'হে লোক সকল! যে ব্যক্তির কিছু জানা থাকে, সে যেন তা বলে। আর যার জানা নেই, সে যেন বলে, 'আল্লাহই ভালো জানেন।' কারণ তোমার অজানা বিষয়ে 'আল্লাহই ভালো জানেন' বলাও এক প্রকার ইলম (জ্ঞান)। মহান আল্লাহ তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে সম্বোধন ক'রে বলেছেন, 'বল, আমি উপদেশের জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাই না এবং যারা স্বতঃপ্রণোদিত হয়ে সাধ্যাতীত কর্ম করে, আমি তাদের অন্তর্ভুক্ত নই।' (সুরা স্বা-দ ৮৬)

ফুটনোট

(বুখারী ৪৮০৯, মুসলিম ৭২৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন